# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০১৩০

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
e-mail: dir.staff.bwdb@gmail.com

website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৫.২৩-৯০০

তারিখঃ ০৫ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ। / ২১ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ।

## মৌখিক পরীক্ষা সংক্রান্ত দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গবেষণা কর্মকর্তা (কৃষি) পদে সরাসরি জনবল নিয়োগের জন্য স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০১.২৩-১৩৫; তারিখঃ ২৪-০১-২০২৩ খ্রিঃ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক গৃহীত লিখিত পরীক্ষার ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণের মৌখিক পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী কক্ষ নং-৭০৬, লেভেল-৭, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকায় অনুষ্ঠিত হবেঃ

| ক্রঃ নং | পদের নাম | মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীর রোল নম্বর | মৌখিক পরীক্ষার তারিখ/বার, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১। | গবেষণা কর্মকর্তা (কৃষি) | 65005 , 65011 , 65054 , 65129 , 65148 , 65154= ০৬ জন। | **১২-০৭-২০২৩<br>রোজ বুধবার<br>সকাল ১০:০০ ঘটিকা<br>কক্ষ নং-৭০৬, লেভেল-৭, পানি ভবন, ঢাকা** |

০২। উপরে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। লিখিত পরীক্ষার জন্য জারীকৃত প্রবেশ পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। **উল্লেখ্য, মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।**

০৩। প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং নম্বরপত্রসহ আবেদনে উল্লিখিত অভিজ্ঞতা/যোগ্যতার অপরাপর সকল সনদপত্রের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এছাড়া নিম্নে উল্লিখিত ডকুমেন্ট সমূহের মূল কপি প্রদর্শন করতঃ ০১ সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবেঃ

(ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমান এবং স্নাতক সম্মান সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং নম্বরপত্র ।

(খ) পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি (সদ্য তোলা এবং আবেদনের সাথে সংযুক্ত ছবির অনুরূপ)।

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সনদপত্র।

(চ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সংক্রান্ত যাবতীয় সনদপত্র (যেমনঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত সাময়িক সনদ, মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বামুস সনদ), লাল মুক্তিবার্তার কপি, ভারতীয় তালিকার কপি, গেজেটের কপি, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের জন্য মুক্তিযোদ্ধার এস,এস,সি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ।

(ছ) শারীরিক প্রতিবন্ধি কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধি সংক্রান্ত সনদপত্র।

(জ) অন্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্র।

(ঝ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে আবেদন করার পূর্বে গৃহীত অনুমতিপত্র সহ উপর্যুক্ত কাগজপত্রাদি।

(ঞ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID)।

(ট) কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ সনদ।

০৪। উল্লিখিত ডকুমেন্টের মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত অনুলিপি মৌখিক পরীক্ষার সময় দাখিল/জমাদানে ব্যর্থ হলে তিনি নিয়োগ অযোগ্য বলে বিবেচিত হবেন।

০৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৫/৭/২৩

**(আরিফউজ্জামান খান)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৫.২৩-৯০০/১(২০)

তারিখঃ ০৫ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ। / ২১ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ।

**বিতরণ (বাছাই কমিটি-২):**

১| অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা ও চেয়ারম্যান, বাছাই কমিটি-২ ।
২| অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন), বাপাউবো, ঢাকা ও সদস্য, বাছাই কমিটি-২ ।
৩| উপ-সচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় ও সদস্য, বাছাই কমিটি-২।
৪| পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, বাছাই কমিটি-২।
৫| প্রধান পানি ব্যবস্থাপনা, প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য (মনোনীত), বাছাই কমিটি-২।
৬| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, বাছাই কমিটি-২।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(উল্লিখিত তারিখ/সময়সূচি অনুযায়ী বর্ণিত কক্ষ ও তৎসংলগ্ন এলাকার নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(উপরোক্ত দপ্তরাদেশটি বাপাউবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
৫। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা **(পানি ভবনের লিফট, জেনারেটর, শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র, বর্ণিত কক্ষ এবং প্রার্থীদের ওয়েটিং রুম/স্থান মৌখিক পরীক্ষা গ্রহণের কাজে উল্লিখিত তারিখ/সময়সূচি অনুযায়ী ব্যবহারের লক্ষ্যে সর্বোতভাবে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পশ্চিম রিজিঃ/অর্থ), বাপাউবো, ঢাকা।
৮। নথির কপি।

০৫/০৭/২০২৩

**(আবু নাসের মোঃ কাসেম)**
নির্বাহী প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর ,বাপাউবো, ঢাকা।